

# কালের কাণ্ড

আপডেট : ২৫ মার্চ, ২০১৯ ০২:০২

## তৃতীয় শ্রেণি পর্যন্ত পরীক্ষা নয় আসছে বিকল্প মূল্যায়ন পদ্ধতি



আগে বিকল্প মূল্যায়ন পদ্ধতি ঠিক করা হবে তারপর প্রথম থেকে তৃতীয় শ্রেণি পর্যন্ত পরীক্ষা বাতিলের সিদ্ধান্ত নেওয়া হবে বলে জানিয়েছেন প্রাথমিক ও গণশিক্ষা সচিব মো. আকরাম-আল-হোসেন। তিনি বলেন, ‘বিকল্প পদ্ধতিতে কিভাবে মূল্যায়ন করা যায়, সে ব্যাপারে ধারণাপত্র তৈরি করতে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডকে (এনসিটিবি) বলা হয়েছে। সেই ধারণাপত্র তৈরির পর শিক্ষাবিদ, শিক্ষক, কর্মকর্তা ও স্টেকহোল্ডারদের সঙ্গে নিয়ে কর্মশালা ও আলোচনার পর পরীক্ষা বাতিলের সিদ্ধান্ত নেওয়া হবে।’

গতকাল রবিবার সচিবালয়ে প্রাথমিক শিক্ষা সমাপনী (পিইসি) পরীক্ষার বৃত্তির ফল প্রকাশ উপলক্ষে আয়োজিত সংবাদ সম্মেলনে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন।

কবে নাগাদ পরীক্ষা বাতিল হতে পারে-এমন প্রশ্নের জবাবে সচিব বলেন, ‘আমরা কাজ শুরু করেছি। এনসিটিবিও কাজ শুরু করেছে। সব কাজ শেষ হলে সময়মতো সবাইকে জানানো হবে। তবে এখন পর্যন্ত মাঠপর্যায়ে কাউকে জানানো হয়নি।’

আকরাম-আল-হোসেন বলেন, ‘তৃতীয় শ্রেণি পর্যন্ত পরীক্ষা রাখার পক্ষে না আমরা। প্রধানমন্ত্রীও এ ব্যাপারে আমাদের মৌখিকভাবে বলেছেন। তবে পরীক্ষা না থাকলেও ভিন্নভাবে মূল্যায়নের ব্যবস্থা থাকতে হবে। তবে চতুর্থ শ্রেণির পরীক্ষা এবং পঞ্চম শ্রেণির সমাপনী পরীক্ষা আগের মতোই বহাল থাকবে।’

সংবাদ সম্মেলনে প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী মো. জাকির হোসেন বলেন, এবারের পিইসি পরীক্ষায় বৃত্তি পেয়েছে ৮২ হাজার ৫০০ জন শিক্ষার্থী। এর মধ্যে ট্যালেন্টপুলে ৩৩ হাজার ও সাধারণ কোটায় বৃত্তি পেয়েছে ৪৯ হাজার ৫০০ শিক্ষার্থী। এবার সাত

হাজার ৯৮৮টি ইউনিয়ন ও পৌরসভার ওয়ার্ডের প্রতিটিতে ছয়টি করে সাধারণ বৃত্তি দেওয়া হয়েছে। আর অংশগ্রহণকারী শিক্ষার্থীর অনুপাতে উপজেলা ও থানা কোটা নির্ধারণ করে ট্যালেন্টপুলে বৃত্তি দেওয়া হয়েছে।’

প্রতিমন্ত্রী আরো বলেন, ট্যালেন্টপুলে বৃত্তিপ্রাপ্তরা মাসে ৩০০ টাকা এবং সাধারণ বৃত্তিপ্রাপ্তরা মাসে ২২৫ টাকা করে পাবে। আগামী তিন বছর এই বৃত্তির অর্থ দেওয়া হবে।’

প্রাথমিক শিক্ষকদের বেতন বৈষম্য দূরীকরণের বিষয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাবে প্রতিমন্ত্রী বলেন, বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহারেও বিষয়টি আছে। আমরা কাজ শুরু করেছি। তবে যেহেতু এ ব্যাপারে আর্থিক সংশ্লেষ আছে। তাই কিছুটা সময় লাগছে।’

মূলত গতকাল দুপুরে সংবাদ সম্মেলনের পরপরই প্রাথমিকের বৃত্তির ফল প্রকাশ করা হয়। শিক্ষার্থীরা স্ব-স্ব স্কুল থেকে তাদের ফল জানতে পারছে।

Print

সম্পাদক : ইমদাতুল হক মিলন,

নির্বাহী সম্পাদক : মোস্তফা কামাল,

ইস্ট ওয়েস্ট মিডিয়া গ্রুপ লিমিটেডের পক্ষে ময়নাল হোসেন চৌধুরী কর্তৃক প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বসুন্ধরা, বারিধারা থেকে প্রকাশিত এবং প্লট-সি/৫২, ব্লক-কে, বসুন্ধরা, খিলক্ষেত, বাড্ডা, ঢাকা-১২২৯ থেকে মুদ্রিত।

বার্তা ও সম্পাদকীয় বিভাগ : বসুন্ধরা আবাসিক এলাকা, প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বারিধারা, ঢাকা-১২২৯। পিএবিএক্স : ০২৮৪০২৩৭২-৭৫, ফ্যাক্স : ৮৪০২৩৬৮-৯, বিজ্ঞাপন ফোন : ৮১৫৮০১২, ৮৪০২০৪৮, বিজ্ঞাপন ফ্যাক্স : ৮১৫৮৮৬২, ৮৪০২০৪৭। E-mail : info@kalerkantho.com